দৈনিক
ইত্তেফাক

তারিখ 17 FEB 2016
পৃষ্ঠা ... কলাম ...

# ১১৫০ পলিটেকনিক শিক্ষককে প্রশিক্ষণ দেবে সিঙ্গাপুর

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশের ১ হাজার ১৫০ জন পলিটেকনিক ইনস্টিটিউট শিক্ষক ও কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট ব্যক্তিকে প্রশিক্ষণ দেবে সিঙ্গাপুর। গতকাল মঙ্গলবার সিঙ্গাপুরে এ সংক্রান্ত এক অংশীদারিত্ব চুক্তি সই হয়েছে।

সিঙ্গাপুরের নানিয়ান পলিটেকনিক ইনস্টিটিউটে বাংলাদেশ সরকারের পক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস এবং সিঙ্গাপুর সরকারের পক্ষে নানিয়ান পলিটেকনিক ইন্টারন্যাশনালের প্রধান নির্বাহী কর্মকর্তা ফুং তেজ ফুন চুক্তিতে সই করেন।

চুক্তি অনুযায়ী, আগামী তিন বছরে এক থেকে ছয় সপ্তাহ মেয়াদি মোট ৬০টি প্রশিক্ষণ কোর্সে, পলিটেকনিক ইনস্টিটিউটগুলোর বিভিন্ন পর্যায়ের শিক্ষক এবং কারিগরি শিক্ষা সংশ্লিষ্ট সরকারি-বেসরকারি কর্মকর্তা মিলে মোট এক হাজার ১৫০ জন সিঙ্গাপুরে নানিয়ান পলিটেকনিক ইন্টারন্যাশনাল ইনস্টিটিউটে প্রশিক্ষণ নেবেন। চুক্তিতে উল্লেখ করা হয়, কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্কিলস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্টের মাধ্যমে এ সহযোগিতার আওতায় নানিয়ান পলিটেকনিক ইন্টারন্যাশনাল বাংলাদেশে ১০টি পলিটেকনিক ইনস্টিটিউটে ১০টি অত্যাধুনিক ল্যাবরেটরি স্থাপন করবে। চুক্তির আওতায় প্রশিক্ষণ ও ল্যাব স্থাপনে ৫৬ কোটি টাকা ব্যয় হবে। যার ৩১ দশমিক ১৫ শতাংশ নানিয়ান পলিটেকনিক ইন্টারন্যাশনাল এবং ৬৮ দশমিক ৮৫ শতাংশ বাংলাদেশ সরকার, বিশ্ব ব্যাংক ও কানাডার অর্থায়নে পরিচালিত স্টেপ প্রকল্প বহন করবে।